

অনিয়মের অভিযোগ

কলারোয়ায় ১৩ জন শিক্ষকের
নিয়োগ আদেশ বাতিল

সাতক্ষীরা, ৭ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।--১১ মাস বেতন প্রদানের পর কলারোয়া উপজেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ১৩জন শিক্ষকের নিয়োগ আদেশ বাতিল করা হয়েছে। নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী লংঘন এবং গুরুতর অনিয়মের অভিযোগে শিক্ষা মন্ত্রণালয় থেকে বাতিল নির্দেশ প্রদান করা হয়েছে। জানা গেছে, কলারোয়া উপজেলার প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্যে ৮৭ সালের ৩১শে মে প্রথম পরীক্ষা অনুষ্ঠিত

হয়। অথচ অজ্ঞাত কারণে উক্ত পরীক্ষা বাতিল করা হয় (স্থানীয় নিয়োগ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী)। পরবর্তীতে ৯ই আগস্ট প্রার্থীদের পরীক্ষা গ্রহণের ঘোষণা দেয়া হলেও উক্ত তারিখে পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। পরবর্তীতে ২২শে আগস্ট তারিখে পুনরায় পরীক্ষার দিন ধার্য করা হয়। নিয়োগ কমিটির টালবাহানা ও অপূর্ণাঙ্গ কমিটির বৈধতা চ্যালেঞ্জ করে ১৯শে আগস্ট স্থানীয় উপজেলা আদালতে পরীক্ষার্থীদের পক্ষ থেকে একটি মামলা দায়ের করা হয়। এই মামলায় কমিটির ওপর কারণ দর্শানোর নোটিশ জারি হয়। এছাড়া ৮৭ সালের ২৪শে জুন শিক্ষা অধিদপ্তর থেকে ১৪৪৩১৬৮ বিদ্যা(ঢাকা) স্মারকে অপূর্ণাঙ্গ কমিটি নিয়ে শিক্ষক নিয়োগ না করার জন্যে ঘোষণা দেয়া হয়। অথচ ২২শে আগস্ট এই অপূর্ণাঙ্গ কমিটি ১৩ জন প্রার্থীর নিয়োগ সংক্রান্ত পরীক্ষা গ্রহণ করে এবং ১৩ জন শিক্ষকের নির্বাচন সমাপ্ত করেন। পরবর্তীতে স্থানীয় জনসাধারণ ও প্রার্থীরা নিয়োগে অনিয়ম ও উৎকোচ গ্রহণ সম্পর্কিত বিভিন্ন প্রমাণসহ শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা অধিদপ্তরসহ সকল বিভাগে অভিযোগ পেশ করেন। গত ১৬ই জুলাই শিক্ষা অধিদপ্তর থেকে সংশ্লিষ্ট শিক্ষা অফিসার উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ সকলকে উক্ত ১৩ জন শিক্ষকের নিয়োগ বাতিল করা হয়েছে বলে জানানো হয়েছে। বাতিল নির্দেশে "নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী লংঘন এবং গুরুতর অনিয়মের কারণে শিক্ষকদের নিয়োগ বাতিল করতে সরকার সম্মত হয়েছেন" বলে বলা হয়েছে।